

# বাকুবির ৩ ছাত্রী বহিষ্কার, ২ জনের অর্থদণ্ড

নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ



সংগৃহীত ছবি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) তাপসী রাবেয়া হলের প্রথম বর্ষের এক ছাত্রীকে র্যাগিংয়ের অভিযোগে একই হলের ৩ ছাত্রীকে সাময়িকভাবে হল থেকে বহিষ্কার করেছে কর্তৃপক্ষ। এছাড়া আরো দুই ছাত্রীকে অর্থদণ্ড করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন হলের প্রভোস্ট ড. ইসরাত জাহান শেলী।

বহিষ্কৃতরা হলেন- কৃষি অনুষদের মারিয়া সুলতানা মীম (১২ মাসের জন্য হল থেকে বহিষ্কার), জোবায়দা জান্নাত সোহা ও আশিকা রুশদা (৬ মাসের জন্য বহিষ্কার)।

যাদেরকে অর্থদণ্ড করা হয়েছে তারা হলেন- তাজরিয়ান হাসান তর্ণা ও শাহারা শারমিন লিজা।

জানা যায়, গত ১৯ মে দিবাগত রাতে র‍্যাগিংয়ের ঘটনাটি ঘটে।  
পরে অভিযোগটি লিখিত ভাবে পেয়ে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ তদন্ত  
করে। অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক  
ব্যবস্থা নেওয়া হয়।

বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. মো হেলাল  
উদ্দীনের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে অভিযুক্তদের বিরুদ্ধে  
শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার বিষয়টি জানানো হয়।

ঘটনার বিষয়ে তাপসী রাবেয়া হলের প্রভোস্ট অধ্যাপক ড. ইসরাত  
জাহান শেলী জানান, তদন্তে তারা যথাযথ প্রক্রিয়া অনুসরণ  
করেছেন। তদন্ত শেষে প্রতিবেদন ভিসির কাছে তারা পেশ  
করেছেন। পরে অর্ডিন্যান্স অনুযায়ী শাস্তির সিদ্ধান্ত নেওয়া হয়।

প্রভোস্ট বলেন, দণ্ডপ্রাপ্তদের হাতে চিঠি দিয়ে দেওয়া হয়েছে। তারা  
শনিবারের মাঝে হল ত্যাগ করবেন।